উপজেলা ভূমি অফিস	
পত্র গ্রহণ নং	তারিখঃ ৪/৩/১৭
কানুনগো	
প্রধান সহকারী	
অফিস সহকারী	
নাজির	
সার্ভেয়ার	
ইউএনও	
সহকারী কমিশনার (ভূমি)	

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়
রাজশাহী বিভাগ, রাজশাহী
(রাজস্ব শাখা)
www.rajshahidiv.gov.bd.

নং- ০৫.৪৩.০০০০.০১১.০৯.০১০.১৭-২৩৫(৬৮)

তারিখ: ০১/০৩/২০১৭ খ্রি:

বিষয় : সহকারী কমিশনার (ভূমি) কর্তৃক নামজারির আবেদন গ্রহণ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্বয়ং সহকারী কমিশনার (ভূমি) কর্তৃক নামজারির আবেদন গ্রহণ করার বিষয়ে আইনগত বাধ্যবাধকতা রয়েছে। কোন কোন উপজেলায় সহকারী কমিশনার (ভূমি) এর নিকট আবেদন না করে ইউনিয়ন ভূমি অফিসে বা দালালের মাধ্যমে আবেদন সহকারী কমিশনার (ভূমি) বরাবর প্রেরণ করছেন মর্মে বিভিন্ন জায়গা থেকে অভিযোগ পাওয়া যাচ্ছে যা বিধিসম্মত নয়।

এমতাবস্থায়, নামজারির আবেদন স্বয়ং সহকারী কমিশনার (ভূমি) গ্রহণপূর্বক তাৎক্ষণিক পরীক্ষা করবেন। চেকলিষ্ট অনুযায়ী কি কি প্রয়োজনীয় কাগজ প্রয়োজন এবং আবেদন গ্রহণের সময় চেকলিষ্ট অনুযায়ী পরীক্ষা করে সকল প্রয়োজনীয় কাগজপত্র আবেদনে থাকলে, দ্রুত মামলা নিষ্পত্তিতে সহায়ক হবে (বারবার বলার পরও বেশিরভাগ সহকারী কমিশনার (ভূমি) এখন পর্যন্ত চেকলিষ্ট প্রস্তুত এবং বর্ণিত কাজটি করছেন না) কোন ক্রমেই যেন ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা বা অন্য কেউ নামজারির আবেদন গ্রহণ না করে সে জন্য বিশেষ সতর্কতা অবলম্বন করতে নির্দেশনা প্রদান করা হলো। প্রত্যেক ইউনিয়ন ভূমি অফিসে এবং উপজেলার গুরুত্বপূর্ন স্থানে টাঙ্গিয়ে ও লিফলেটের মাধ্যমে নিম্নোক্ত তথ্যটি প্রচার করতে সহকারী কমিশনার (ভূমি)গণকে অনুরোধ করা হলো। আগামী ১৫/০৩/২০১৭ খ্রি. তারিখের মধ্যে বর্ণিত কাজ করে প্রতিবেদন দিতে অনুরোধ করা হলো।

শুধুমাত্র সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়ে নামজারির আবেদন দাখিল করতে হবে। ইউনিয়ন ভূমি অফিস বা অন্য কোথাও এরূপ আবেদন গ্রহণ করা হয় না। প্রয়োজনে যোগাযোগ করুন:
সহকারী কমিশনার (ভূমি): মোবাইল নম্বর.....

জেলা প্রশাসক, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), উপজেলা নির্বাহী অফিসারগণ ভূমি অফিসসমূহ পরিদর্শনে গিয়ে বিষয়টি নিশ্চিত করবেন।

(মোঃ আমিনুল ইসলাম)
অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব)
রাজশাহী
ফোন: ০৭২১-৭৭২৩৬৫
E-mail:divcomrajshahi@mopa.gov.bd

সহকারী কমিশনার (ভূমি)
বাগমারা, নাটোর

বুক পোষ্ট,

বাংলাদেশ রাষ্ট্রীয় কার্যে ব্যবহৃত,

প্রেরক,
বিভাগীয় কমিশনারের কার্যালয়
রাজশাহী।